# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৭৩৫

২৭/ পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ মৃত প্রাণীর চামড়া পাকা করা হলে।

## باب مَا جَاءَ فِي جُلُودِ الْمَيْتَةِ إِذَا دُبِغَتْ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ طَرِيفٍ الْكُوفِيُّ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ فُضَيْلٍ، عَنِ الأَعْمَشِ، وَالشَّيْبَانِيِّ، عَنِ الْحَكَمِ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُكَيْمٍ، قَالَ أَتَانَا كِتَابُ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم " أَنْ لاَ تَنْتَفِعُوا مِنَ الْمَيْتَةِ بِإِهَابٍ وَلاَ عَصَبٍ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ . وَيُرْوَى عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُكَيْمٍ عَنْ أَشْيَاخٍ لَهُمْ هَذَا الْحَدِيثُ . وَلَيْسَ الْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَكْثَرِ أَهْلِ الْعِلْمِ . وَقَدْ رُوِيَ هَذَا الْحَدِيثُ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُكَيْمٍ أَنَّهُ قَالَ أَتَانَا كِتَابُ النَّبِيِّ صلى الله عليه وسلم قَبْلَ وَفَاتِهِ بِشَهْرَيْنِ . قَالَ وَسَمِعْتُ أَحْمَدَ بْنَ الْحَسَنِ يَقُولُ كَانَ أَحْمَدُ بْنُ حَنْبَلٍ يَذْهَبُ إِلَى هَذَا الْحَدِيثِ لِمَا ذُكِرَ فِيهِ قَبْلَ وَفَاتِهِ بِشَهْرَيْنِ وَكَانَ يَقُولُ كَانَ هَذَا آخِرَ أَمْرِ النَّبِيِّ صلى الله عليه وسلم . ثُمَّ تَرَكَ أَحْمَدُ بْنُ حَنْبَلٍ هَذَا الْحَدِيثَ لَمَّا اضْطَرَبُوا فِي إِسْنَادِهِ حَيْثُ رَوَى بَعْضُهُمْ فَقَالَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُكَيْمٍ عَنْ أَشْيَاخٍ لَهُمْ مِنْ جُهَيْنَةَ .

বাংলা

১৭৩৫। মুহাম্মদ ইবনু তারীফ কুফী (রহঃ) ... আবদুল্লাহ ইবনু উকায়ম (রহঃ) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট থেকে আমাদের কাছে এই মর্মে চিঠি এসেছিল যে, মৃত পশুর চামড়া ও ধমনী দিয়ে কোন উপকার লাভ করবেন না। সহীহ, ইবনু মাজাহ ৩৬১৩, তিরমিজী হাদিস নম্বরঃ ১৭২৯ [আল মাদানী প্রকাশনী]

এই হাদীসটি হাসান; আবদুল্লাহ উকায়ম (রহঃ) ... তার কতিপয় শায়খ সূত্রে এটি বর্ণিত আছে। অধিকাংশ আলিম এতদনুসারে আমল করেননি। আবদুল্লাহ ইবনু উকায়ম (রহঃ) থেকে এটি এই মর্মেও বর্ণিত আছে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট থেকে তাঁর মৃত্যুর দুই মাস আগে আমাদের কাছে চিঠি এসেছিল। আহমাদ ইবনু হাম্বাল (রহঃ)-কে বলতে শুনেছি যে, এতে যেহেতু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মৃত্যুর

দুই মাস পূর্বের কথা উল্লেখিত আছে সেহেতু তিনি এতদনুসারে মত ও পন্থা অবলম্বন করেছেন। তিনি বলতেন, এতে বুঝা যায় যে এটি ছিল রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর শেষ আমল। কিন্তু পরবর্তীতে তিনি এটির সনদে ইযতিরাব থাকায় এই মত পরিত্যক্ত করেন। কেননা কোন কোন বর্ণনাকারী এই ভাবেও এটির সনদ উল্লেখ করেছেন যে, আবদুল্লাহ ইবনু উকায়ম-জুহায়নার কতিপয় শায়খ থেকে বর্ণিত।

## English

Narrated 'Abdullah bin 'Ukaim:

"A letter came from the Messenger of Allah (ﷺ) saying: 'Do not use the skins of dead animals, nor tendons.'"

[Abu 'Eisa said:] This Hadith is Hasan. This Hadith has been related to 'Abdullah bin 'Ukaim from some Shuyukh of his, and this is not acted upon according to most of the people of knowledge. And this Hadith has been related from 'Abdullah bin 'Ukaim, that he said: "A letter came to us from the Messenger of Allah (ﷺ) two months before he died."

He said: I heart Ahmad bin Al-Hasan saying: "Ahmad bin Hanbal followed this Hadith due to it mentioning that it was two months before he (ﷺ) died. Then Ahmad left this Hadith because of their Idtirab in its chain, since some of them reported it, saying: 'From 'Abdullah bin 'Ukaim from some Shuyukh of his from Juhainah.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উকায়ম (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22244

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন